



(ISO 9001:2015 Certified)

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি
FARIDPUR PALLI BIDYUT SAMITY

প্রশাসন বিভাগ, সদর দপ্তর
কানাইপুর, ফরিদপুর
faridpurpbs17@gmail.com
pbs.faridpur.gov.bd



স্মারক নং-২৭.১২.২৯৪৭.৫৪৭.০১.০০৮.২৬. ৪২৪৬

তারিখঃ- ২২ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

"নিলাম (ই-অকশন) দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের বিভিন্ন অর্থ বছরে কনডেম ঘোষিত নিম্নবর্ণিত ব্যবহার অনুপযোগী মালামাল 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে ই-অকশন পদ্ধতিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

নিলাম আইডি	মালামালের বিবরণ	পরিমাণ (কেজি/টি)	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	নিলাম দরপত্র জামানত (টাকা)	দরপত্র দাখিল শুরুর সময়	দরপত্র দাখিলের শেষ সময়	দরপত্র দলিল খোলার সময়
৩৬৫	সুপার এ্যানামেল কপার তার	৫১০০ কেজি	১৫০০/-	উদ্ধৃত মূল্যের ১০%	০৬/০৯/২০২৬খ্রিঃ, রবিবার, দুপুর ১২:০০ ঘটিকা	২০/০৯/২০২৬খ্রিঃ, রবিবার, দুপুর ১২:০০ ঘটিকা	২০/০৯/২০২৬খ্রিঃ, রবিবার, দুপুর ১২:৩০ ঘটিকা
৩৬৬	১ ফেজ এনালগ মিটার	৩৯৭৫ টি	১০০০/-	উদ্ধৃত মূল্যের ১০%			
	১ ফেজ ডিজিটাল মিটার	১৯৪০৭ টি					
	৩ ফেজ ডিজিটাল মিটার	৮১ টি					
	১১/৩৩ সিটি/পিটি	০২ টি					
	কাঠের ক্রস আর্ম/লগ	১০১৩৭ কেজি					
৩৭৭	এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাট পিচ	৩৭০১৯ কেজি	২৫০০/-	উদ্ধৃত মূল্যের ১০%			
	হার্ডওয়্যার মালামাল ও গাইতার	১৯৫৪২ কেজি					
৩৭৮	ব্যবহার অযোগ্য স্টীল পোল	৩১৭৫০ কেজি	১৫০০/-	উদ্ধৃত মূল্যের ১০%			

শর্তাবলিঃ-

০১। আগ্রহী দরদাতাগণ ই-অকশন পোর্টালে <https://eauction.rebpbbs.com> ওয়েব সাইটে গিয়ে নিলাম দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। অফলাইন কিংবা ডাক ও কুরিয়ারযোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। E-Auction পোর্টাল নির্ধারিত সময়ে স্বয়ংক্রিয়ভাবে উন্মুক্তকরণ হবে।

০২। E-Auction দরপত্র দলিলে উল্লিখিত সকল শর্ত ও নির্দেশাবলী প্রতিপালন সাপেক্ষে আনুষঙ্গিক সকল কাগজপত্র দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

০৩। E-Auction নিলাম দরপত্রে উল্লিখিত প্রতিটি প্যাকেজের বিপরীতে আলাদাভাবে সিডিউল ক্রয় করে প্যাকেজ ভিত্তিক আলাদা আলাদা দর প্রস্তাব করতে হবে।

০৪। রেসপনসিভ সর্বোচ্চ নিলাম দরদাতাকে বিক্রয়াদেশের নির্দেশনা মোতাবেক নির্ধারিত পদ্ধতিতে ((বিইএফটিএন/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ট্রেজারি চালান/যা প্রযোজ্য হয়) এককালীন সমুদয় মূল্য (উদ্ধৃত মূল্যের সহিত প্রযোজ্য মূসক ও আয়কর যা বিক্রয়াদেশে উল্লেখ থাকবে) পরিশোধ করতে হবে।

০৫। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ দরকে গৃহীত দর বলে বিবেচনা করা হবে। তবে প্রাক্কলিত/অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে।

০৬। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে আগামী ১৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত (সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিন ব্যতিত) প্রতিদিন অফিস চলাকালীন ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিলামে বিক্রয়যোগ্য মালামাল সমূহ পরিদর্শন করা যাবে।

০৭। দরদাতা কর্তৃক যেভাবেই দর দাখিল করা হউক না কেন প্যাকেজ ভিত্তিক সর্বোচ্চ বৈধ দর প্রস্তাবকারীকে সর্বোচ্চ দরদাতা হিসেবে গণ্য করা হবে। পরবর্তীতে প্যাকেজ ভিত্তিক সর্বোচ্চ দর প্রস্তাবকারীকে নিয়মানুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে। প্যাকেজ ভিত্তিক কোন দর প্রস্তাবকারীর ০৫টি ও ০২টি প্যাকেজের দর প্রস্তাব একত্রে মূল্যায়ন করা হবে না।

০৮। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক গ্রহণ করা বা অপসারণের সময় সমিতির কোন অবকাঠামো বা মালামালের কোন ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করে দিতে হবে।

০৯। বিক্রয়াদেশ প্রদানের পর সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ে অর্থাৎ ৩০ দিনের মধ্যে সমুদয় মূল্য (সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট ও উৎসে কর সহ) পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। মালামাল গ্রহণে ব্যর্থ হলে বা অপারগতা প্রকাশ করলে জমাকৃত সমুদয় জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১০। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে।

১১। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে E-Auction নীতিমালাসহ বাপবিবো/ ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। উপরে উল্লিখিত শর্তাবলী প্রতিপালনে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণ-কে যথাসময়ে নিলাম দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিত সিডিউলে উল্লেখ থাকবে।


(মোঃ আকমল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-সদয় অবগতির জন্য-জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। পরিচালক, পবিস মনিঃ ও ব্য পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।

০৩। জেলা প্রশাসক, ফরিদপুর।

০৪। পুলিশ সুপার, ফরিদপুর।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... ----পবিস-১/২/৩/৪।

০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফরিদপুর সদর, ফরিদপুর।

০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, ফরিদপুর।

০৯। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ফরিদপুর।

১০। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি)/বোয়ালমারী/নগরকান্দা/মধুখালী/ ভাঙ্গা জোনাল অফিস, ফরিদপুর পবিস।

১১। সহকারী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ফরিদপুর।

১২। এজিএম (ওএন্ডএম), সদরপুর/ সালথা/ আলফাডাঙ্গা/চরভদ্রাসন সাব-জোনাল অফিস, ফরিদপুর পবিস।


১৩। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম-সদর/ইএন্ডসি), ফরিদপুর পবিস।

১৪। এজিএম (আইটি), ফরিদপুর পবিস। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

১৫। মেসার্স.....

১৬। নোটিশ বোর্ড, ফরিদপুর পবিস।

১৭। অফিস/মাস্টার কপি।


(মোঃ আকমল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার